হোমারটন কলেজ অফ্ টেক্‌নোলজির ভবিষ্যৎ

Bengali

পরামর্শ

১০ই মে ২০০৫ – ১৭ই জুন ২০০৫

www.learningtrust.co.uk

the learning trust
the future for education in Hackney

Consultation on the future of Homerton College of Technology

If you would like to find out what this document says please put a tick in the box ☐ and put your name, address and phone number at the bottom of this page and return it to the address below.

Bu belgenin içeriğinin açıklamasını istiyorsanız lütfen bu kutuyu ☐ işaretleyin, adınızı, adresinizi ve telefon numaranızı bu sayfanın altındaki boş yerlere yazın, ve sayfayı aşağıdaki adrese gönderin. (Turkish)

Haddii aad jeceshahay in aad ogaato waxa warqadan laguugu sheegaayo, Fadlan waxa aad calaamadisaa Sanduuqan ☐ oo waxa aad Magacaaga, Adirayskaaga iyo Telifoon Lambarkaaga aad ku qortaa xagga hoose ee boggan, oo ku soo celi markaa Adirayskan xagga hoose ku qoran. (Somali)

如果你想知道這份文件的詳細內容，請在格子里☐剔一下. 在本頁下面寫下你的名字，地址和電話號碼并寄到下面的地址 . (Chinese)

Nếu quí vị muốn tìm hiểu tài liệu này nói điều gì xin đánh dấu vào ô ☐ và ghi tên, địa chỉ và số điện thoại của quí vị vào cuối trang này vă gửi về địa chỉ dưới đây. (Vietnamese)

এই দলিলে কি লেখা আছে সে সম্পর্কে যদি আপনি জানতে চান অনুগ্রহ করে সাথের বাক্সে ☐ টিক্ দিন। তারপর পাতাটির নিচে আপনার নাম, ঠিকানা এবং টেলিফোন নাম্বার লিখে নিম্নলিখিত ঠিকানায় ফেরৎ পাঠান। (Bengali)

જો તમને આ દસ્તાવેજ શું જણાવે છે તે વિષે માહિતી જોઈતી હોય તો મહેરબાની કરીને બોક્સમાં ☐ નિશાની કરી અને આ પાનાના અંતમાં તમારું નામ, સરનામું અને ટેલિફોન નંબર આપી અને તેને નીચે સરનામે રવાના કરશો. (Gujerati)

ਜੇ ਤੁਸੀ ਜਾਣਨਾ ਚਾਹੁੰਦੇ ਹੋ ਕਿ ਇਹ ਦਸਤਾਵੇਜ਼ ਕੀ ਕਹਿੰਦਾ ਹੈ ਤਾਂ ਕਿਰਪਾ ਕਰਕੇ ਖਾਨੇ ☐ ਵਿਚ ਠੀਕਾ ਮਾਰੋ ਅਤੇ ਆਪਣਾ ਨਾਂ, ਪਤਾ ਅਤੇ ਫੋਨ ਨੰਬਰ ਇਸ ਪੰਨੇ ਦੇ ਥੱਲੇ ਲਿਖੋ ਅਤੇ ਇਸ ਨੂੰ ਹੇਠ ਦਿੱਤੇ ਪਤੇ 'ਤੇ ਵਾਪਸ ਭੇਜ ਦਿਓ। (Punjabi)

Si vous désirez connaître le contenu de ce document, veuillez cocher la case ☐ et indiquer votre nom, adresse et numéro de téléphone au bas de cette page et la renvoyer à l'adresse indiquée ci-dessous: (Français)

Si desea saber de lo que trata este documento, ponga una señal en el recuadro ☐ y escriba su nombre, dirección y número de teléfono al final de esta página y envíela a la dirección que se indica abajo. (Spanish)

اگر آپ یہ جاننا چاہتے ہیں کہ دستاویز میں کیا لکھا ہے تو ازراہ کرم باکس ☐ میں ایک صحیح کا نشان لگائیے اور اپنا نام، پتہ اور فون نمبر اس صفحہ کے نیچے لکھئے اور اسے نیچے دیئے گئے پتہ پر واپس بھیج دیجئے۔ (Urdu)

Return to: Asa Melander, Project Manager
Hackney Technology & Learning Centre, 1 Reading Lane, London E8 1GQ

Your Name ……………………………………………………………………
(please print)

Address ……………………………………………………………………
……………………………………………………………………

Tel No. ……………………………………………………………………

হোমারটন কলেজ অফ্ টেক্নোলজির ভবিষ্যৎ সম্পর্কে পরামর্শ

১০ই মে ২০০৫ - ১৭ই জুন ২০০৫

সূচীপত্র

কি সম্পর্কে এই তথ্য?	৪
হ্যাকনি	৫
হোমারটন কলেজ অফ্ টেক্নোলজি	৫
আমরা কেন স্কুলটি বন্ধ করে দেয়ার ব্যাপারে বিবেচনা করছি?	৫
স্কুল বন্ধ করা ছাড়া অন্য কোন উপায় আছে কি?	৬
কখন আমরা হোমারটন বন্ধ করে দেয়ার বিষয়টি বিবেচনা করবো?	৬
হোমারটনের ছাত্রদের কি হবে?	৭
হোমারটনের কর্মচারিদের কি হবে?	৭
স্কুলের জায়গা দিয়ে আপনি কি করবেন?	৭
পরবর্তী পদক্ষেপসমূহ	৮
প্রস্তাবিত সময় তালিকা	৮
পরামর্শ বিষয়ক সভা বা মীটিং	৯
গ্লসারি বা শব্দকোষ	১০
পরশিষ্ট ১: পরামর্শ বিষয়ক তালিকা	১১
পরামর্শের বিষয়ে উত্তর করার ফর্ম	১৩

কি সম্পর্কে এই তথ্য?

হোমারটন কলেজ অফ্ টেক্নোলজির ভবিষ্যৎ সম্পর্কে দি লার্নিং ট্রাস্ট পরামর্শ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। ট্রাস্টটি হোমারটন কলেজ অফ্ টেক্নোলজি বন্ধের ব্যাপারে একটা প্রস্তাবের উপরে আপনার মতামত প্রার্থনা করছে। এই প্রস্তাব সম্পর্কে আপনি কি মনে করেন সে ব্যাপারে আমাদেরকে জানানোর জন্য এটা একটা সুযোগ।

এই দলিলে রয়েছে:

- স্কুলটিকে প্রভাবিত করছে এমন বিষয়গুলির ব্যাখ্যা
- একটা উত্তর করার ফর্ম যেটি আপনি আপনার মতামত জানিয়ে পূরণ করে আমাদের কাছে ফেরৎ পাঠাবেন
- পেরেন্ট/ কেয়ারারদের জন্য মীটিং সম্পর্কিত বিস্তারিত বিবরণ যেগুলি পরামর্শে সাহায্যের জন্য আয়োজন করা হবে। এগুলির ব্যাপারে ৮ পৃষ্ঠায় বর্ণনা করা হয়েছে।

অনুগ্রহ করে আপনার পূরণ করা প্রশ্নাবলীটি নীচের ঠিকানায় ফেরৎ পাঠান:

Asa Melander
The Learning Trust
Hackney Technology and Learning Centre
1, Reading Lane
Hackney E8 1GQ

অথবা আপনার মন্তব্য কিংবা জিজ্ঞাসাগুলি asa.melander@learningtrust.co.uk এই ঠিকানায় ই-মেইল করুন।

এই প্রস্তাব সম্পর্কে যদি আপনার কোন নির্দিষ্ট প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে 020 8820 7432 নম্বরে এন্টন ফ্রান্সিকের সঙ্গে যোগাযোগ করুন, ই-মেইল: anton.francic@learningtrust.co.uk

এই দলিল ও উত্তর করার ফর্ম এবং স্কুল সংস্থা সম্পর্কিত প্রস্তাবনার উপরে ডিপার্টমেন্ট ফর এডুকেশন ও স্কীলস্ এর নির্দেশ অন লাইনে ও আমাদের ওয়েবসাইট: www.learningtrust.co.uk ভিজিট করে পাবেন।

পরামর্শ বন্ধ হবে ১৭ই জুন ২০০৫ ইং তারিখে।

পুরো দলিলের কপি ইংরেজী, টার্কিশ, বাংলা, গুজরাটী ও ভিয়েতনামিজ ভাষায় পাওয়া যাবে। অনুরোধ জানালে এই রিপোর্টটি অন্যান্য ভাষায় কিংবা বড় ছাপার আকারে সরবরাহ করা হবে। ভিতরের কভারে একটা ফর্ম অন্তর্ভুক্ত করা হয়েছে যদি কেউ অন্যান্য ভাষায় এই দলিলটির অনুবাদ চায়।

হ্যাকনি

হ্যাকনি হলো শহরের ভিতরে একটা শিহরণ জাগানো বরো, যেটি শহরের কাছাকাছি, যেখানে বিভিন্ন ধরনের এবং সচল জনসংখ্যা বর্তমান। এটা এমন একটা জায়গা যেখানে স্ববিধাদি রয়েছে আবার প্রতিযোগিতাও রয়েছে যেখানে অনেক ছাত্র বিভিন্ন ধরনের অস্ববিধার অভিজ্ঞতাও অর্জন করে। এর ফলে যে বিষয়টি সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে দাঁড়ায় তা হলো হ্যাকনির ছাত্র ছাত্রীরা শক্তিশালী এবং সফলকাম স্কুলগুলিতে তাদের শিক্ষা উপভোগ করতে সমর্থ, জিসিএস ই-এর কৃতিত্বের বিষয়ে বলতে গেলে, হ্যাকনি হলো লোক্যাল এডুকেশন অথরিটি (এল ই এ) এর দ্রুত উন্নতকারী স্কুলগুলির মধ্যে দ্বিতীয়।

হ্যাকনির জন্য দি লার্নিং ট্রাস্ট এল ই এ-এর কার্যকলাপ সম্পাদন করে। এগুলির মধ্যে একটি হলো হ্যাকনির সেকেন্ডারি স্কুলগুলিতে স্থানের চাহিদা ও মানের বিষয়াদি পর্যালোচনার মধ্যে রাখা।

হোমারটন কলেজ অফ্ টেক্নোলজি

হোমারটন কলেজ অফ্ টেক্নোলজি হলো ১১-১৬ বছর বয়স্ক ছেলেদের জন্য একটা কমিউনিটি সেকেন্ডারি স্কুল। এটি হ্যাকনির কেন্দ্রে অবস্থিত, টাউন হল থেকে পূর্ব দিকে প্রায় ৫ মিনিটের হাঁটা পথ। হোমারটন কলেজ অফ্ টেক্ নোলজি ১৯৮০ সালের প্রথমদিকে খোলা হয়েছিলো আগের দুটি ছেলেদের স্কুল একত্র করার পরে।

প্রতি ইয়ার গ্রুপের জন্য স্কুলটি ২১০টি স্থান প্রদান করে, এর অর্থ দাঁড়ায় এই যে এর “মোট” স্থানের সংখ্যা হলো ১০৫০টি - প্রতি ইয়ারের জন্য ২১০টি স্থান হিসাবে পাঁচটি ইয়ার গ্রুপের জন্য। বর্তমানে স্কুলটিতে ৯৬৩ জন ছেলে রয়েছে:

ইয়ার ৭: ১৬১
ইয়ার ৮: ২০৪
ইয়ার ৯: ২০৩
ইয়ার ১০: ২১৮
ইয়ার: ১১: ১৭৭

কেন আমরা স্কুলটি বন্ধ করে দেয়ার বিষয়টি বিবেচনা করছি?

হোমারটন হলো হ্যাকনির একটা স্কুল যেটি উদ্বেগের সৃষ্টি করছে।

গত দশ বছরে হোমারটনে স্থানের ব্যাপারে হ্যাকনি মাতাপিতাদের কাছ থেকে প্রথম অগ্রাধিকার হিসাবে আবেদনপত্রের সংখ্যা অনবরতভাবে কম পরিলক্ষিত হয়েছে এবং এই সময়ের মধ্যে স্কুল কখনই অতিরিক্ত ছাত্রে পরিপূর্ণ হয়ে যায়নি। বর্তমানে ইয়ার ৭ এ মাত্র ১৬১টি ছাত্র রয়েছে সর্বোচ্চ ২১০টি স্থানের মধ্যে। ২০০৫ সালে সেকেন্ডারি স্থানান্তরের জন্য এই বছর সকল মাতাপিতাদের মধ্যে তাদের ছেলের জন্য প্রথম অগ্রাধিকার হিসাবে হোমারটনের নাম দিয়েছে মাত্র ২৪ জন (১.১%)। সেপ্টেম্বর ২০০৫ এ হোমারটনে যেসব ছাত্র শুরু করবে তারা ঐ ধরনের পরিবারগুলি থেকে আসছে যারা অন্যান্য স্কুলগুলিতে প্রথম অগ্রাধিকার হিসাবে নাম দিয়েছিলো।

এছাড়া “কেবলমাত্র ছেলেদের জন্য স্কুলের” চাহিদা স্বাভাবিকভাবে কমের দিকে রয়েছে। দি লার্নিং ট্রাস্ট খুঁজে বের করেছে যে মাতাপিতারা তাদের ছেলেদের জন্য “কেবলমাত্র ছেলেদের জন্য স্কুল” সেকেন্ডারি শিক্ষার জন্য পছন্দ করবে এই বিষয়টি অসম্ভব। সর্বমোট কেবলমাত্র ৮৩ জন (৩.৯%) হ্যাকনির মাতাপিতা সেপ্টেম্বর ২০০৫ সালের জন্য তাদের ছেলেদের প্রথম অগ্রাধিকার হিসাবে বরোর বাহিরে কিংবা ভিতরের কোন অসম্প্রদায়গত “কেবলমাত্র ছেলেদের জন্য স্কুলে” পাঠাতে ইচ্ছা ব্যক্ত করেছে। এই ঝুঁকি অব্যাহত থাকলে, হোমারটনে স্থানের চাহিদা আরও কমে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

স্কুলটি অবস্থিত ১৯৬০ সালের একটা টাওয়ার ব্লকে এবং সেটিতে বিশেষজ্ঞ সুবিধার অভাব। জায়গাটি পাবলিক ফুটপাত দ্বারাও বিভক্ত। এই বিল্ডিং-এর নক্সা এমন যে স্কুলে প্রবেশ করতে, ঘোরাফেরা করতে অসুবিধা হয় এবং এটি নিরাপত্তা বিষয়ক সমস্যা সৃষ্টি করে। স্কুলের আগেকার আর্থিক সমস্যার কারণে বিল্ডিং এবং সুবিধাদিতে বিনিয়োগের অভাব দেখা দিয়াছে।

হোমারটনের কর্মচারিরা ছাত্রদের জন্য সম্ভাব্য সর্বোত্তম শিক্ষার বিষয়টি উন্নত করার জন্য প্রতিযোজিতামূলক পরিস্থিতির বিরুদ্ধে কঠোর পরিশ্রম করেছে। জিসিএসই তে ৫ অথবা তার অধিক এ* - সি পাওয়া ছেলের সংখ্যা গত দুই বছরের মধ্যে ২০০৩ সালে ছিলো ৩৬% এবং ২০০৪ সালে ছিলো ৩২%।

যদিও মান উন্নত হচ্ছে, এখনও অনেক দূর যাওয়ার রয়েছে। দি লার্নিং ট্রাস্ট বিশ্বাস করে যে প্রয়োজনীয় উল্লেখযোগ্য উন্নতিসাধন অর্জন করতে স্কুলের যে সময়সীমা তা খুবই দীর্ঘ, এবং স্কুল বন্ধ করা ছাড়া কোন বিকল্প নাই আর সেই সঙ্গে ভবিষ্যতের জন্য একটা নূতন মিশ্র একাডেমির ব্যবস্থা করা।

হ্যাকনির গড় এবং রাস্ট্রীয় গড়ের সাথে তুলনা করে হোমারটনের জিসিএসই এ* - সি গড়:

ইয়ার	হোমারটনের গড়	হ্যাকনির গড়	রাস্ট্রীয় গড়
২০০৩	৩৬%	৩৯.২%	৫২.৯%
২০০৪	৩২%	৪৫.১%	৫৩.৭%

হোমারটন বন্ধ করা ছাড়া কি অন্য কোন উপায় আছে?

আমরা বিশ্বাস করি যে অনেক মাতাপিতাই তাদের ছেলেদের হোমারটনে পাঠাতে চান না কারণ:

- এটা কেবলমাত্র ছেলেদের জন্য স্কুল এবং কেবলমাত্র ছেলেদের জন্য স্থানের চাহিদা কমার দিকে রয়েছে
- একটা সার্বিক ধারণা জন্মেছে যে অন্যান্য স্কুলগুলিতে অপেক্ষাকৃত উন্নত মানের শিক্ষা পাওয়া যেতে পারে
- আবাসনের অবস্থা খারাপ
- অনেক বছর ধরে এটি সম্পর্কে খারাপ ধারণা বা খ্যাতি বিরাজ করছে।

আমরা মনে করি যে এটা বজায় রাখার ব্যাপারে একটা শক্তিশালী, জনপ্রিয় খ্যাতি অর্জন করে স্কুলটির উন্নতি সাধনের বিষয়টি অসম্ভব।

আমরা কখন হোমারটন বন্ধে করে দেয়ার বিষয়টি বিবেচনা করবো?

যদি বন্ধের বিষয়ে একমত হওয়া যায়, তাহলে দি লার্নিং ট্রাস্টের লক্ষ্য হলো বর্তমান ইয়ার ৭, ৮ ও ১০ এবং সেপ্টেম্বর ২০০৫ সালে যেসব ছাত্র স্থানান্তরিত হবে তাদের জন্য স্কুলটি বন্ধ করে দেয়া হবে ৩১শে আগস্ট ২০০৬ সালে।.

বর্তমানের ইয়ার ৯ এর জন্য হোমারটন বন্ধ হয়ে যাবে ৩১শে আগস্ট ২০০৭ সালে যদি তারা কোন বিকল্প স্কুলে স্থানান্তরিত না হয়।.

হোমারটনের ছাত্রদের কি হবে?

এই পরামর্শের কেন্দ্রস্থলে রয়েছে হোমারটনের বর্তমান রোলের ছেলেদের শিক্ষাগত চাহিদা ও উচ্চাশাকে নিরাপত্তা দানের অঙ্গীকারবদ্ধতা।

বর্তমান ইয়ার ১০ ও ১১

বর্তমান ইয়ার ১১ এর ছাত্ররা জুলাই ২০০৫ সালে হোমারটনে তাদের শিক্ষা শেষ করবে। বর্তমান ইয়ার ১০ এর ছাত্ররা জুলাই ২০০৬ সালে হোমারটনে তাদের শিক্ষা শেষ করবে।

বর্তমান ইয়ার ৯

বর্তমান ইয়ার ৯ এর ছাত্রদের শিক্ষা জুলাই ২০০৭ সালে স্ট্যাটুটরি বা বাধ্যতামূলক শিক্ষা শেষ না হওয়া পর্যন্ত চালিয়ে যাওয়ার বিষয়টিতে আমরা অঙ্গীকারবদ্ধ। এটা হোমারটনের জায়গাতেই হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে, ট্রাস্ট অন্য বিকল্প স্থানীয় স্কুল যেখানে তারা যেতে চায় সেখানে স্থান সনাক্ত করার ব্যাপারে ইয়ার ৯ এর ছাত্রদের সমর্থন দেবে।

বর্তমান ইয়ার ৭-৮

যেসব ছাত্র বর্তমানে ইয়ার ৭-৮ এ রয়েছে তাদের জন্য বিকল্প স্থানীয় স্কুলগুলিতে স্থান সনাক্ত করার ব্যাপারে ট্রাস্ট সমর্থন জানাবে। আমাদের প্রথম তদন্ত থেকে আমরা জেনেছি যে ইয়ার ৭ ও ৮ এর সকল ছাত্রদের জন্য এলাকায় যথেস্ট স্থান বর্তমান রয়েছে।

যেসব ছাত্র সেপ্টেম্বর ২০০৫ সালে হোমারটনে স্থানান্তর হওয়ার প্রত্যাশা করছে

সেপ্টেম্বর ২০০৫ সালে যেসব ছাত্র হোমারটনে শুরু করার কথা তাদেরকে অন্যান্য স্থানীয় স্কুলগুলিতে বিকল্প ব্যবস্থা সনাক্ত করার ব্যাপারে আমরা তাদেরকে উপদেশ এবং সমর্থন প্রদান করার বিষয়টি প্রত্যাশা করবো। আমরা বিশ্বাস করি যে এলাকাতে যথেষ্ট স্থান রয়েছে। যেসব ছাত্র সেপ্টেম্বর ২০০৫ সালে হোমারটনে স্থানান্তরিত হচ্ছে আমরা তাদের জন্য সেপ্টেম্বর ২০০৬ সালে বিকল্প স্থানীয় স্কুলগুলিতে স্থান সনাক্ত করার ব্যাপারে সমর্থন জানাবো।

কর্মচারিদের কি হবে?

হোমারটনের অন্তর্বর্তী হেডটীচার ও কর্মচারিদের অবদানের বিষয়টি ট্রাস্ট স্বীকার করে যখন কঠিন সময়ে তারা স্কুলটিকে সমর্থন দিয়েছিলেন। যদি স্কুল বন্ধ হয়ে যায় তাহলে অন্যান্য হ্যাকনির স্কুলগুলিতে স্টাফরা যাতে কাজ করতে পারেন সে সুবিধা আমরা সর্বোচ্চ হারে বাড়াতে চাই। অন্যান্য পদের জন্য আবেদন করার ব্যাপারে স্টাফদের সমর্থন দান করার জন্য ট্রাস্ট কলা-কৌশল বিবেচনা করবে এবং ট্রেড ইউনিয়নগুলির সঙ্গে ঘনিষ্টভাবে কাজ করার ব্যাপারে অন্যান্য উপায় বিবেচনা করবে। বন্ধের বিষয়ে একমত হওয়া গেলে এবং অন্য কোন কর্ম সংস্থানের সুবিধাদি সনাক্ত না করা গেলে, তাহলে দুঃখজনকভাবে রিডান্ডেন্সির বিষয়টি বিবেচনা করতে হবে।

স্কুলের জায়গাটি নিয়ে আপনারা কি করবেন?

যদি হোমারটন বন্ধ হয়ে যায় তাহলে জায়গাটি একটা নূতন স্কুলের জন্য ব্যবহার করা যেতে পারে, অথবা একটা নূতন স্কুল স্থানীয় এলাকাতে তৈরী করা যেতে পারে। কাউন্সিলের সঙ্গে বিভিন্ন উপায় সম্পর্কে আলোচনা করা হচ্ছে, যার ভিতরে অন্তর্ভুক্ত আছে পূর্ব হ্যাকনিকে সেবা দান করার জন্য একটা নূতন মিশ্র একাডেমি।

অতিরিক্ত মিশ্র স্থানের জন্য মাতাপিতাদের কাছ থেকে যথেষ্ট চাহিদা পাওয়া যাচ্ছে। হ্যাকনিতে একাডেমি সংক্রান্ত কর্মসূচির ব্যাপারে মাতাপিতারা বেশ আগ্রহ দেখিয়েছেন। মোছবর্ণ কমিউনিটি একাডেমি, যেটি সেপ্টেম্বর ২০০৪ সালে খোলা হয়েছিলো, সেটি উল্লেখযোগ্যভাবে পরিপূর্ণ।

পরবর্তী পদক্ষেপসমূহ

এই দলিলে নির্ধারিত প্রস্তাবের বিষয়ে সকল স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামতগুলিকে দি লার্নিং ট্রাস্ট স্বাগত জানায়। এই পরামর্শে ব্যক্ত করা সকল মতামতগুলির ব্যাপারে রিপোর্ট করা হবে এবং ৩০শে জুন ২০০৫ সালে লার্নিং ট্রাস্টের বোর্ডের মীটিং-এ বিবেচনা করা হবে।

যদি বোর্ড সিদ্ধান্ত গ্রহণ করে যে হোমারটন বন্ধ করার ব্যাপারে একটা লিখিত প্রস্তাবই সবচেয়ে ভালো হবে, তাহলে একটা স্ট্যাটুটরি বা বাধ্যতামূলক নোটিশ প্রকাশ করার দরকার হবে যেটি আপনার মতামত জানানোর জন্য আপনাকে আরও একবার সুযোগ প্রদান করবে। এই ক্ষেত্রে আপত্তিসহ কোন লিখিত মন্তব্য পাঠানোর জন্য আরও ছয় সপ্তাহ সময় পাওয়া যাবে।

প্রকাশিত প্রস্তাবের ব্যাপারে কোন আপত্তি থাকলে তা স্কুল অর্ডানাইজেশন কমিটির কাছে পাঠানো হবে যেটি প্রস্তাবের উপরে সিদ্ধান্ত গ্রহণ করবে। এই উদ্দেশ্যে যদি প্রয়োজন হয় তাহলে সেপ্টেম্বর ২০০৫ সালে স্কুল অর্গানাইজেশন কমিটির একটা মীটিং আহবান করা হবে।

প্রস্তাবিত সময় তালিকা

<table>
<tr><th>তারিখ</th><th colspan="2">উপযুক্ত ব্যবস্থা</th></tr>
<tr><td>মঙ্গলবার ১০ই মে ২০০৫-
শুক্রবার ১৭ই জুন ২০০৫</td><td colspan="2">পরামর্শ করার সময়সীমা যার মধ্যে অন্তর্ভুক্ত আছে:
• স্টেকহোল্ডারদের কাছে পরামর্শ বিষয়ক দলিল বিতরণ (তালিকা দেখুন, পরিশিষ্ট ১)
• মূখ্য স্টেকহোল্ডারদের সঙ্গে মীটিং যার মধ্যে অন্তর্ভুক্ত আছে: ছাত্র, মাতাপিতা, কর্মচারি, গভর্ণর এবং অন্যান্য ব্যক্তিবর্গ।
• স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন</td></tr>
<tr><td>৩০শে জুন ২০০৫</td><td colspan="2">লার্নিং ট্রাস্ট বোর্ড পরামর্শ সংক্রান্ত উত্তরগুলি বিবেচনা করে এবং স্ট্যাটুটরি প্রস্তাবগুলি ছাপানোর প্রয়োজনীয়তা সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবে।</td></tr>
<tr><td colspan="3">যদি বোর্ড স্ট্যাটুটরি নোটিশ প্রকাশ করতে একমত হয় তাহলে</td></tr>
<tr><td>বৃহস্পতিবার ৮ সেপ্টেম্বর ২০০৫</td><td colspan="2">স্ট্যাটুটরি নোটিশ ছাপানো</td></tr>
<tr><td>৮ সেপ্টেম্বর ২০০৫-
২০ অক্টোবর ২০০৫</td><td colspan="2">প্রস্তাবনার ব্যাপারে মন্তব্য ও আপত্তি জানানোর জন্য ছয় সপ্তাহ স্ট্যাটুটরি সময়</td></tr>
<tr><td>নভেম্বর ২০০৫ (নিশ্চিত তারিখ জানানো হবে)</td><td>কোন আপত্তি না থাকলে: দি লার্নিং ট্রাস্টের বোর্ড প্রস্তাবটি বিবেচনা করার জন্য মিলিত হবে</td><td>যদি আপত্তি থাকে: তাহলে স্কুল অর্গানাইজেশন কমিটি প্রস্তাবটি বিবেচনা করার জন্য মিলিত হবে</td></tr>
</table>

পরামর্শ বিষয়ক মীটিংগুলি

পরামর্শ চলবে ১০মে থেকে ১৭ই জুন ২০০৫ সাল পর্যন্ত এবং এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে মূখ্য স্টেকহোল্ডারদের জন্য বেশ কয়েকটি মীটিং। আমরা পেরেন্ট ও কেয়ারারদের জন্য ড্রপ-ইন মীটিং এর প্রস্তাব করছি যার অর্থ হলো বিজ্ঞাপনে প্রদান করা সময়ের ভিতরে আপনি যেকোন সময়ে আসতে পারেন এবং দি লার্নিং ট্রাস্টের প্রতিনিধিদের সঙ্গে আপনি এই পরামর্শের ব্যাপারে আপনার মতামত শেয়ার করতে পারেন।

টার্কিশ, বাংলা, গুজরাটী ও ভিয়েতনামিজ দোভাষি মীটিংগুলিতে বর্তমান থাকবেন। আমরা অতিরিক্ত ভাষাগুলির জন্য আগে থেকে অনুরোধ জানালে দোভাষী সরবরাহ করার প্রচেষ্টা চালাবো।

যেসব লোকজন এবং পার্টিগুলির সঙ্গে আমরা পরামর্শ করবো তাদের একটা পুরো তালিকা পরিশিষ্ট ১ এ দেয়া হয়েছে।

পেরেন্টদের জন্য মীটিংগুলির সময়তালিকা			
শ্রোতা	**তারিখ**	**সময়**	**স্থান**
পেরেন্ট ও কেয়ারারগণ	ইয়ার গ্রুপ হিসাবে ড্রপ-ইন মীটিং		
ইয়ার ৭	সোমবার ২৩শে মে ২০০৫ ইং	বিকাল ৪টা-সন্ধ্যা ৭.৩০	হোমারটন কলেজ অফ্ টেক্নোলজি, হোমারটন রো, ই ৯ ৬ই বি
ইয়ার ৮	মঙ্গলবার ২৪শে মে ২০০৫ ইং	বিকাল ৪টা-সন্ধ্যা ৭.৩০	হোমারটন কলেজ অফ্ টেক্নোলজি, হোমারটন রো, ই ৯ ৬ ই বি
ইয়ার ৯	বুধবার ২৫শে মে ২০০৫ ইং	বিকাল ৪টা-সন্ধ্যা ৭.৩০	হোমারটন কলেজ অফ্ টেক্নোলজি, হোমারটন রো, ই ৯ ৬ ই বি
ইয়ার ১০ ও ১১	বৃহস্পতিবার ২৬শে মে ২০০৫ ইং	বিকাল ৪টা-সন্ধ্যা ৭.৩০	হোমারটন কলেজ অফ্ টেক্নোলজি, হোমারটন রো, ই ৯ ৬ ই বি
যেসব ছাত্ররা সেপ্টেম্বর ২০০৫ সালে হোমারটনে শুরু করার কথা তাদের পেরেন্ট ও কেয়ারারদের জন্য	মঙ্গলবার ৭ই জুন ২০০৫ ইং	বিকাল ৪টা-সন্ধ্যা ৭.৩০	দি লার্নিং ট্রাস্ট হ্যাকনি টেক্নোলজি ও লার্নিং সেন্টার ১, রীডিং লেন হ্যাকনি ই ৮ ১ জি কিউ

অন্যান্য মীটিংগুলির ব্যাপারে মূখ্য স্টেকহোল্ডার গ্রুপগুলির সঙ্গে সরাসরি একমত হওয়া যাবে।

গ্লসারি বা শব্দকোষ

ডিপার্টমেন্ট ফর এডুকেশন ও স্কীলস্ হলো কেন্দ্রীয় সরকারী বিভাগ যেটি শিক্ষার জন্য দায়ী।

হোমারটন কলেজ অফ্ টেক্ নোলজি হল একটা প্রধান সারির কমিউনিটি সেকেন্ডারি স্কুল যেটি পূর্ব হ্যাকনির হোমারটন রো, ই ৯ ৬ ই বি তে অবস্থিত এবং ১১ থেকে ১৬ বছর বয়স্ক ছেলেদের শিক্ষা প্রদান করে।

দি লার্নিং ট্রাস্ট (দি ট্রাস্ট) হলো একটা মুনাফা না করা কোম্প্যানি যেটি হ্যাকনিতে শিক্ষা সেবা প্রদান করার জন্য দায়ী। ট্রাস্টটি ১লা আগস্ট ২০০২ সাল থেকে হ্যাকনি শিক্ষা বিভাগ থেকে বেশীরভাগ স্থানীয় শিক্ষা অথরিটির কার্যকারিতাগুলির দায়িত্ব হাতে নেয়। www.learningtrust.co.uk

স্কুল অর্গানাইজেশন কমিটি হলো একটা আলাদা সংস্থা যেটি গঠন করা হয়েছিলো স্কুলের মান ও কাঠামো সংক্রান্ত আইন ১৯৯৮ সালের আওতায় যেটি স্থানীয়ভাবে শিক্ষার ব্যবস্থায় মূখ্য অংশীদারদের একত্র করে। কমিটিটি স্বতন্ত্র প্রস্তাবগুলি বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করে যেটি পরামর্শের পরে ট্রাস্ট কিংবা স্কুল পরিচালক সংস্থা ছাপিয়েছে।

অফ্ স্টেড (অফিস ফর স্ট্যান্ডার্ড ইন এডুকেশন) যেটি ১লা সেপ্টেম্বর ১৯৯২ সালে প্রতিষ্ঠা করা হয়েছিলো। অফ্স্টেড হলো অপ্রশাসনিক সরকারী বিভাগ যেটির প্রধান লক্ষ্য হলো শিক্ষার গুণ ও মান উন্নত করা এবং স্বতন্ত্র পরিদর্শন এবং নিয়মকানুনের মাধ্যমে চাইল্ড কেয়ারে সাহায্য করা, এবং এটি স্টেট সেক্রেটারিকে উপদেশ প্রদান করে। www.ofsted.gov.uk

পরিশিষ্ট ১: পরামর্শ বিষয়ক তালিকা

আমাদের লক্ষ্য হলো নিম্নলিখিতগুলিকে অন্তর্ভুক্ত করে যত বেশী সম্ভব লোকজন এবং আগ্রহান্বিত দলগুলির সাথে পরামর্শ করা

- হোমারটন কলেজ অফ্ টেক্নোলজির রোলে রয়েছে এমন সকল ছাত্র
- হোমারটন কলেজ অফ্ টেক্নোলজির রোলে রয়েছে এমন সকল ছাত্রদের মাতাপিতা ও কেয়ারার
- হোমারটন কলেজ অফ্ টেক্নোলজির কর্মচারিবৃন্দ
- হোমারটন কলেজ অফ্ টেক্নোলজির গভর্ণরগণ
- যেসব মাতাপিতা এই প্রস্তাবের দ্বারা প্রভাবিত হতে পারে
- সকল হ্যাকনি স্কুলগুলির হেডটীচার ও গভর্ণরদের সভাপতি এবং স্কুলের তিন মাইল ব্যাসার্ধের ভিতরে অন্যান্য বরোর সেকেন্ডারি স্কুলের হেডটীচার
- দি লার্নিং এন্ড স্কীলস্ কাউন্সিল লন্ডন ঈস্ট
- ট্রেড ইউনিয়ন
- হ্যাকনি স্কুল গভর্ণরস্ এসোসিয়েশন (এইচ এ এস জি এ)
- ইজলিংটন, হ্যারিঙ্গে, ওয়ালথাম ফরেস্ট, টাওয়ার হ্যামলেটস্, নিউহাম, সিটি অফ্ লন্ডনসহ প্রতিবেশী এল ই এ সমূহ
- হ্যাকনি কাউন্সিলারগণ
- হ্যাকনি কাউন্সিল
- হ্যাকনির এমপি সকল
- স্থানীয় কমিউনিটি দল ও ব্যবসায়িক অংশীদারগণ
- লন্ডন ডায়োসিয়ান বোর্ড
- দি ডায়োসিস্ অফ্ ওয়েস্টমিনিস্টার
- অর্থোডক্স জুইশ কমিউনিটির জন্য সংযুক্ত নেটওয়ার্ক
- অন্যান্য কমিউনিটি সদস্য যারা এই প্রস্তাবের দ্বারা প্রভাবিত হতে পারে

পরামর্শ বিষয়ক উত্তর ফর্ম

হোমারটন কলেজ অফ্ টেক্নোলজির প্রস্তাবিত বন্ধ বিষয়ক

অনুগ্রহ করে ১৭ই জুন ২০০৫ সালের ভিতরে নিম্নলিখিত ঠিকানায় আশা মিলেন্ডারকে ফেরৎ পাঠান:

The Learning Trust
Hackney Technology
and Learning Centre
1 Reading Lane
London
E8 1GQ
ই-মেইল: asa.melander@learningtrust.co.uk

যে ব্যক্তি উত্তর দিচ্ছে তার নাম:

হোমারটন স্কুল অফ্ টেক্নোলজিতে তার আগ্রহ - যেমন ছাত্র, মাতা বা পিতা স্টাফ

নীচের খালিস্থানে অনুগ্রহ করে হোমারটন কলেজ অফ্ টেক্নোলজি বন্ধের প্রস্তাবের ব্যাপারে মন্তব্য করুন। যদি প্রয়োজন হয় তাহলে অপর পৃষ্ঠায় লিখুন।

আপনি ইলেকট্রনিক পদ্ধতিতে উত্তর পাঠাতে পারেন, যদি ইন্টারনেটে আপনার প্রবেশাধিকার থাকে। www.learningtrust.co.uk এবং publications/consultations এর আওতায় দেখুন।

আপনার উত্তরের জন্য ধন্যবাদ!

আরও লেখার জন্য পাতা